

মুদ্রার অপর দিষ্ট - ৪


ঐচ্ছিক আন্তিকতা, নাস্তিকতা ও মানবতাবাদ

ইদানিং দেখা যাচ্ছে, কেহ কেহ নাস্তিকতা থেকে ধীরে ধীরে নিজেদের গুটিয়ে নিয়ে মৌখিকভাবে হলেও মানবতাবাদের দিকে ঝুঁকছেন! মানব জাতীর জন্য এ এক সু-সংবাদ-ই বটে। তার মানে, তারা হয়তো বুঝতে পারছেন যে তারা ভুল পথে ছিলেন। অথবা এই ধরনের ইর্যাশনাল বিশ্বাসের মোড়কে নিজেদের জড়িয়ে রাখতে হয়তবা স্বাচ্ছন্দবোধও করছেন না। তবে নাস্তিকতা থেকে দূরে সরে যাওয়া মানে কিন্তু অটোমেটিক্যালি আন্তিকতার দিকে অগ্রসর হওয়া, এবং বিপরীতটাও সত্য। তাদের আরেকটি সীমাবদ্ধতা যেটা দেখা যাচ্ছে সেটা হচ্ছে, মানবতাবাদীতে ট্র্যান্সফর্ম হওয়ার পর তারা আবার নতুন করে বিশ্বাস করা শুরু করেছেন এই বলে যে, মানবতাবাদী হতে হলে একজনকে নাস্তিক হতেই হবে! এই ‘শিক্ষা’ আবার তারা কোন্ ‘মোল্লা’ থেকে পেয়েছেন কে জানে! তার মানে নাস্তিকতার বীজ কিন্তু তাদের মধ্যে রয়েছে।

যাহোক, মুসলিম পরিবার থেকে যারা নাস্তিক হয়ে যে কারণে ইসলাম ও মুসলিমদের নিয়ে লিখতে পছন্দ করেন সেই একই কারণে আমিও ইসলাম ও মুসলিমদের নিয়ে লিখতেই বেশী স্বাচ্ছন্দবোধ করি। কারণটা খুব সহজ ও লজিক্যাল। আমরা সবাই ইসলাম ও মুসলিমদের সম্বন্ধে বেশী জানি। আমাদের কথা-বাতার মধ্যে অনেক কিছুই হয়ত অন্যান্য ধর্ম ও ফলোয়ারদের মধ্যে কমন থাকতে পারে।

আমার জানামতে মুসলিম, হিন্দু, খ্রীষ্টান ও জিউস সহ কোন ধর্মের ফলোয়ার’রাই অন্য ধর্মের ফলোয়ারদের বিয়ে করতে চায় না (এ বিষয়ে মুসলিমদের মধ্যেই কিছুটা মনে হয় স্ফেক্সিবিলিটি আছে)। এর পেছনে অন্যান্য ধর্মের ফলোয়ারদের লজিক আমি ঠিক জানি না, তবে মুসলিমদের কথাই ধরা যাক। একজন মুসলিম ছেলে/মেয়ে কেন একজন হিন্দু মেয়ে/ছেলেকে বিয়ে করতে চায় না? উত্তরটা কিন্তু খুবই সহজ ও লজিক্যাল। কারণ তাদের বিশ্বাস ও কিছু কালচার একে অপরের সাথে ম্যাচ করবে না। আর বিশ্বাস ও কালচার ম্যাচ না করলে বিবাহিত জীবন কতটুকু শান্তিপূর্ণ ও ফলপ্রসূ হবে তা কিন্তু সহজেই বোধগম্য। একই লজিক হিন্দু ছেলে-মেয়েদের ক্ষেত্রেও প্রযোজ্য। এটাই স্বাভাবিক ও ন্যাচারাল। এখানে ধর্মের নামে ঘৃণা-বিদ্বেষ খুঁজতে যাওয়াটা কিন্তু চরম মূর্খতা! তবে যারা বিষয়গুলো নিয়ে জোর-জবরদস্তি করে তাদের কথা আলাদা। আমি অবশ্যই তাদের বিরুদ্ধে।

এবার নাস্তিকদের ক্ষেত্রে আসা যাক, যারা বিষয়টি বার-বার উত্থাপন করে নিজেদের সোল মানবতাবাদী হিসেবে জাহির করতে চায়। আচ্ছা, একজন নাস্তিক ছেলে কি কখনও একজন বোরখা-হিজাব পরা মেয়েকে বিয়ে করবে? অনুরূপভাবে একজন নাস্তিক মেয়ে কি কখনও একজন দাড়ি-টুপি-জুকা ওয়ালা ছেলেকে বিয়ে করবে? এরকম কিছু তো শোনা যায় না! একজন নাস্তিক ছেলে/মেয়ে কিন্তু একজন নাস্তিক মেয়ে/ছেলেকেই বেশী পছন্দ করবে তাদের মধ্যে বিশ্বাসের মিল থাকার জন্য। এটাও কিন্তু স্বাভাবিক ও ন্যাচারাল। নাস্তিকদের ‘মানবতাবাদের ফর্মুলা’ কিন্তু তারা নিজেরাই এ্যাপ্লায় করতে পারবে না! আর তাই যদি হয়, সেক্ষেত্রে তাহলে আন্তিক ও নাস্তিকদের আইডিওলজির মধ্যে পার্থক্য কোথায়? অনেকেই দেখি বাস্তবতাকে মেনে নিতে ভয় পায়! মেনে নিলেই সর্বনাশ!



ঐ সেকুলারিজম-সাম্যবাদের কিছু নমুনা

- 109.6:** Unto you your religion, and unto me my religion. (*Religious freedom*)
- 2.256:** Let there be NO compulsion in religion. (*Religious freedom*)
- 6.108:** We have made alluring to each people its own doings. (*Free-thinking*)
- 4.137:** Those who believe, then disbelieve and then (again) believe, then disbelieve, and then increase in disbelief, GOD will never pardon them, nor will He guide them unto a way. (*Freedom of flip-flopping one's faith*)
- 2.213:** Mankind is naught but a single nation. (*Universal Humanism, NO Racism*)
- 23.52:** Verily this Brotherhood of yours is a single Brotherhood and I am your Lord and Cherisher. (*Universal Humanism, NO Racism*)
- 49.13:** O Mankind! We created you from a single pair of a male and a female, and made you into nations and tribes, that ye may know each other not that ye may despise each other. (*Universal Humanism, NO Racism*)
- 4.1:** O mankind! Be careful of your duty to your Lord Who created you from a single person and from it created its mate. (*Universal Humanism, NO Racism*)
- Muhammad's last Sermon:** All mankind is from Adam and Eve, an Arab has no superiority over a non-Arab nor a non-Arab has any superiority over an Arab; *also a white has no superiority over a black nor a black has any superiority over white except by piety and good action.* (*Universal Humanism, NO Racism*)

প্রশ্ন হচ্ছে, একজন মুসলিম-এর গায়ে নতুন করে মানবতাবাদের কোন 'তকমা' লাগানোর প্রয়োজন আছে কি না? না, তা মোটেও প্রয়োজন নেই। একজন প্রকৃত মুসলিমের কাছে মানবতাবাদ একটি অতিরিক্ত-শব্দ (Redundant-term)। কারণ :

ইসলাম ↔ শান্তি (PEACE) ↔ শান্তিবাদ ↔ মানবতাবাদ ↔ হিউম্যানিজম

স্পষ্টতই দেখা যাচ্ছে যে, উপরের শব্দগুলো একে অপরের পরিপূরক বা সমার্থক। অর্থাৎ ইসলাম মানেই মানবতাবাদ, আর মানবতাবাদ মানেই ইসলাম। সুতরাং মুসলিমদের নতুন করে মানবতাবাদের কোন স্টিকার গায়ে লাগানোর দরকার নেই। যাদের দরকার আছে তারা লাগাতে পারেন।